স্নাতক (মেজর) পরীক্ষা ২০২৪

মেজর বাংলা

সেমেস্টার : ৩ কোর্স : MJBENG05

(ছন্দ-অলংকার-শৈলীবিজ্ঞান)

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ৮০

**প্রশ্নের মান দক্ষিণপ্রান্তে উল্লিখিত**

একক-১

১। বাংলা ছন্দে ব্যবহৃত দল, মাত্রা ও যতি সম্পর্কে উদাহরণসহ আলোচনা করো। ১৫

অথবা

২। উদাহরণসহ কলাবৃত্ত রীতির ছন্দের বৈশিষ্ট্য ও বৈচিত্র্যের পরিচয় দাও। ১৫

৩। যে-কোনো একটি বিষয়ে উদাহরণসহ আলোচনা করো : ৫

(ক) যতিলোপ (খ) মিশ্রকলাবৃত্ত রীতিতে মাত্রানির্ণয় পদ্ধতি (গ) দলবৃত্ত রীতির বৈশিষ্ট্য।

একক-২

৪। পয়ার কী? বাংলা ছন্দের তিন রীতিতে কীভাবে পয়ার রচিত হয় উদাহরণযোগে দেখাও। ২+৮=১০

অথবা

৫। মুক্তক সম্পর্কে উদাহরণসহ আলোচনা করো। মুক্তক ও গদ্যকবিতার পার্থক্য নির্ণয় করো। ৭+৩=১০

৬। যে-কোনো দুটি পদ্যাংশের ছন্দোলিপি প্রস্তুত করো : ২×৫=১০

(ক) অর্থ চাই, রাজকোষে আছে ভূরি ভূরি,
রাজস্বপ্নে অর্থ নাই, যত মাথা খুঁড়ি।
নাই অর্থ কিন্তু তবু কহি অকপট,
শুনিতে কী মিষ্ট আহা, 'হিং টিং ছট্'।

(খ) একদা এক বিষম ঘোর স্বরে
বজ্র আসি পড়িল মোর ঘরে।
বেদনা এক তীক্ষ্ণতম
পশিল গিয়ে হৃদয়ে মম,
অগ্নিময় সর্পসম
কাটিল অন্তরে।

(গ) হায় রে কবে কেটে গেছে কালিদাসের কাল !
পণ্ডিতেরা বিবাদ করে লয়ে তারিখ-সাল।
হারিয়ে গেছে সে-সব অব্দ,
ইতিবৃত্ত আছে স্তব্ধ—
গেছে যদি আপদ গেছে মিথ্যে কোলাহল।

একক-৩

৭। উদাহরণসহ যে-কোনো দু-জোড়া অলংকারের তুলনা করো: ২×৬= ১২

(ক) শ্লেষ আর শ্লেষ বক্রোক্তি (খ) রূপক আর অতিশয়োক্তি (গ) ছেকানুপ্রাস আর যমক

(ঘ) সন্দেহ এবং উৎপ্রেক্ষা

৮। যে-কোনো দুটি উদ্ধৃত অংশের অলংকার নির্ণয় করো: ২×৪= ৮

(ক) ডাকিছে সত্য বিষাণ-বাদনে
জীবন-মরণ-রণ প্রাঙ্গণে।

(খ) যথা ক্ষুধাতুর ব্যাঘ্র পশে গোষ্ঠগৃহে
যমদূত, ভীমবাহু লক্ষ্মণ পশিলা
মায়াবলে দেবালয়ে।

(গ) যদি ভেবে থাক আগুনের শিখা জ্বলিতেছে প্রজ্বল,
ভ্রান্তি তোমার! যাহা দেখিছ সে তার অঙ্গুলিদল।

(ঘ) বর্ষার মেঘ ঘন শর হানে ধরার বুকে.
মাটিতে সবুজ বিজয়পতাকা জাগল সুখে।

একক-৪

৮। বিচ্যুতি কাকে বলে ? বিচ্যুতির শ্রেণিভেদগুলি আলোচনা করো। ৫+১০=১৫

অথবা

৯। সমান্তরতা বলতে কী বোঝ ? সমান্তরতার প্রকারভেদগুলি সম্পর্কে আলোচনা করো। ৫+১০=১৫

১০। টীকা লেখো (যে-কোনো একটি) : ৫

(ক) প্রমুখন (খ) শৈলীর লক্ষ্য (গ) পরস্থাপনা

স্নাতক (মেজর) পরীক্ষা ২০২৪

মেজর বাংলা (NEP)

সেমেস্টার : ৩ কোর্স : MJBENG 06

প্রাগাধুনিক পর্বের নির্বাচিত গ্রন্থ

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ৮০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

৯ ও ১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দিতে হবে

একক - ১

১। 'গঅণত গঅণত তইলা বাড়ী হেঞ্চে কুরাড়ী।' — ছত্রটি অনুসরণে ৫০ সংখ্যক চর্যাগানের সাধনতত্ত্ব বিশ্লেষণ করো। ১৫

২। তোমার পাঠ্য একটি চর্যাগানের কাব্যমূল্য বিচার করো। ১৫

একক - ২

৩। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের 'রাধাবিরহ' খণ্ড অবলম্বনে রাধা চরিত্রের মূল্যায়ন করো। ১৫

৪। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে হাস্যরস সৃষ্টিতে বড়ু চণ্ডীদাসের কৃতিত্ব পর্যালোচনা করো। ১৫

একক - ৩

৫। 'রাত্রিদিন কেকয়ী রাজার কাছে থাকে।
রাজা যত দুঃখ পায় কেকয়ী তাহা দেখে।।'
— এই মন্তব্যের প্রেক্ষিতে দশরথ ও কেকয়ীর দাম্পত্য সম্পর্ক আলোচনা করো। ১৫

৬। 'অনেক পাত্র আছে ভরতের সনে।
তোমারে পাষণ্ড পাছে করে কোন্ জনে।।' — 'অযোধ্যা কাণ্ডে'র আলোকে এই বক্তব্যের তাৎপর্য বিশ্লেষণ করো। ১৫

একক - ৪

৭। 'চন্দ্রানীর প্রেম মর্ত্যসীমাকে অতিক্রম করতে পারেনি।' — এই মন্তব্যের আলোকে চন্দ্রানীর জীবন যাপন আলোচনা করো। ১৫

৮। 'যুবক নিঠুর জাতি পুরুষ দুরন্ত।
এক পুষ্পে নহে যেন মধুকর শান্ত।।' — প্রসঙ্গ নির্দেশপূর্বক উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১৫

৯। টীকা লেখো (যে-কোনো দুটি): ২x৫=১০

(ক) 'নিয়ড্ডী বোহি দূর মা জাহী।'

(খ) আইহন

(গ) মন্থরা ও কেকয়ীর কথোপকথন

(ঘ) ময়নার বিলাপ

১০। সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর দাও ( যে-কোনো পাঁচটি) : ৫x২=১০

(ক) চর্যাগীতির তিব্বতি অনুবাদ কে আবিষ্কার করেন? কত খ্রিস্টাব্দে তা প্রকাশিত হয়?

(খ) লুইপা-র গুরু কে ছিলেন? লুইপা-র একজন শিষ্যের নাম লেখো।

(গ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের কৃষ্ণ ও রাধার পিতা-মাতার নাম লেখো।

(ঘ) 'বিধি কৈল তোর মোর নেহে।
একই পরাণ একই দেহে।।' — ছত্র দুটি কোন্ খণ্ডে কে কাকে বলেছেন?

(ঙ) অন্ধমুণি কেন দশরথকে অভিশাপ দিয়েছিলেন?

(চ) মাতুলালয় থেকে ফিরে শত্রুঘ্ন বিমাতা কেকয়ীকে কী বলেছিলেন?

(ছ) রত্না মালিনী কেন ময়নার কাছে এসেছিল?

(জ) দৌলত কাজী কেন কাব্য রচনা করেন?

—

4 Year Undergraduate Course 2024

Sem- 3 Minor Bengali

Course MNBENG02A

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

Time :3 Hours

Full Marks:- 80

একক- ১

১। তিনজন বিদেশি পর্যটকের ভারত ভ্রমণবৃত্তান্তের পরিচয় দাও। ১৫

অথবা

২। মধ্যযুগের বাংলা সাহিত্যে ভ্রমণের পরিচয় দিয়ে এখনকার ভ্রমণবৃত্তান্তের সঙ্গে তার চরিত্রগত পার্থক্য আলোচনা করো। ১৫

একক- ২

৩। যে-কোনো দুটি বই অবলম্বনে আধুনিক বাংলা ভ্রমণসাহিত্যের পরিচয় দাও। ১৫

অথবা

৪। বাংলা ভ্রমণ সাহিত্যে রবীন্দ্রনাথের রচনা কতখানি গুরুত্বপূর্ণ বলে তুমি মনে করো। ১৫

একক- ৩

৫। কলকাতার অভিজাত সম্প্রদায়ের দৃষ্টিতে পালামৌর প্রকৃতি ও জনজাতি জীবনের যে চিত্র 'পালামৌ' গ্রন্থে উঠে এসেছে তা নিজের ভাষায় আলোচনা করো। ১৫

অথবা

৬। কোল সম্প্রদায়ের মহাজনী প্রথা ও বিবাহরীতির পরিচয় দাও। ১৫

একক -৪

৭। 'হিমালয়ের পথে পথে'- অবলম্বনে লেখক উমাপ্রসাদ মুখোপাধ্যায়ের ব্যক্তিগত দর্শন বা উপলব্ধি ব্যাখ্যা করো। ১৫

অথবা

৮। ভ্রমণ সাহিত্য হিসাবে 'হিমালয়ের পথে পথে'-র সার্থকতা বিচার করো। ১৫

৯। যে কোনো দুটি বিষয়ে টীকা লেখো- ২×১০=২০

ক)আল বেরুনি

খ)' য়ুরোপ-প্রবাসীর পত্র'

গ) 'প্রাচ্য ও পাশ্চাত্য'

ঘ) পালামৌতে কোল সম্প্রদায়ের জীবনচর্যা

ঙ) 'হিমালয়ের পথে পথে'-এর নামকরণ।

Four Year Undergraduate Examination 2024

Multidisciplinary Course in Bengali (NEP)

Semester : III

Course : MDBENG03

**(বাংলা আখ্যান, গদ্য ও নাটক)**

Time : 3 Hours　　　　Full Marks : 60

**প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত**

**প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দিতে হবে। ১০ ও ১১ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক।**

**একক—১**

১. ক্রীড়াসাহিত্য হিসেবে 'কোনি' উপন্যাসটি সার্থক কিনা আলোচনা করো। ১০

২. গঙ্গায় সাঁতার দেওয়া এক সাধারণ মেয়ে থেকে কোনির একজন চ্যাম্পিয়ন সাঁতারু হয়ে ওঠার লড়াই সম্পর্কে আলোচনা করো। ১০

৩. 'কোনি' উপন্যাসে তোমার সবচেয়ে পছন্দের চরিত্রটি সম্পর্কে আলোচনা করো। ১০

**একক—২**

৪. 'নিমগাছ' গল্পের বিষয়বস্তু উল্লেখ করে নিমগাছটি কিসের প্রতীক বিশ্লেষণ করো। ১০

৫. নরেন্দ্রনাথ মিত্রর 'রস' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো। ১০

৬. সমরেশ বসুর 'আদাব' অথবা মহাশ্বেতা দেবীর 'বান' গল্পের বিষয়বস্তু সংক্ষেপে আলোচনা করো। ১০

**একক—৩**

৭. 'সোনার কাঠি' রচনার বিষয়বস্তু সংক্ষেপে আলোচনা করো। ১০

৮. বাঙালির বই কেনা নিয়ে সৈয়দ মুজতবা আলীর বক্তব্য বিশদে আলোচনা করো। ১০

৯. জলের সন্ধানে 'অবাক জলপান'-এর পথিকের যে অভিজ্ঞতা হয়েছিল তা নিজের ভাষায় আলোচনা করো। ১০

**১০. টীকা লেখো (যে-কোনো তিনটি) :** **১x১৫=১৫**

(ক) ক্লাবের রাজনীতি

(খ) ক্ষিদ্দার পারিবারিক জীবন

(গ) 'সমাপ্তি' গল্পে প্রকৃতি।

(ঘ) 'আদাব' গল্পে শহরের অবস্থা।

(ঙ) ফরাসি জাতির গ্রন্থপ্রীতি

(চ) 'অবাক জলপান'-এ হাস্যরস

**(পরের পৃষ্ঠায়)**

১১. এক কথায় উত্তর দাও (যে-কোনও পনেরোটি) : ১৫X১=১৫

ক. কোনির সম্পূর্ণ নাম কী ছিল?

খ. 'ওই জলের নিচে লুকিয়ে ছিলুম আর বলছিলুম—সব পারে, মানুষ সব পারে'— বক্তা কে?

গ. কোনি কোন ক্লাস পর্যন্ত পড়াশোনা করেছিল?

ঘ. ক্ষিদ্দা কোনিকে প্রথম কোথায় দেখেছিলেন?

ঙ. ক্ষিদ্দার স্ত্রীর নাম কী?

চ. এই ঘটনাগুলিকে উপন্যাসের অনুসরণে কালানুক্রমে সাজাও : অ. বেঙ্গল টিমের হয়ে কোনির নির্বাচন, আ. ক্ষিদ্দার সঙ্গে কোনির সাক্ষাৎ, ই. ক্ষিদ্দাকে জুপিটার ক্লাব থেকে বিতাড়ণ, ঈ. রিলে সাঁতারে কোনির পদক জয়

ছ. 'মশা' গল্পে কোন দ্বীপের কথা পাওয়া যায়?

জ. 'রস' গল্পটির মুখ্য পুরুষ চরিত্রটি কোন কাজের সঙ্গে যুক্ত?

ঝ. মুন্সিদের ছোটো বউ-এর নাম কী?

ঞ. 'সমাপ্তি' গল্পের মুখ্য চরিত্রটির নাম কী?

ট. 'আদাব' গল্পের মূল দুই চরিত্রের পেশা কী?

ঠ. 'বান' গল্পটি কোন শকাব্দের প্রেক্ষাপটে রচিত?

ড. 'ছাতির বদলে হাতি' রচনায় কোন বিষয়টিকে লেখক মানুষের দুর্দশার কারণ হিসেবে চিহ্নিত করেছেন?

ঢ. 'বই কেনা' রচনায় লেখকের বই কেনার পক্ষে আমীর খসরুর যে পঙ্‌ক্তিটি উদ্ধার করেছেন তার মর্মার্থ লেখো।

ণ. 'ছাতির বদলে হাতি' রচনাটি কোন বইয়ের অন্তর্ভুক্ত?

ত. অবাক জলপান কী জাতীয় রচনা?

থ. সুকুমার রায়, রবীন্দ্রনাথ ঠাকুর, সৈয়দ মুজতবা আলী, মতি নন্দী : কালানুক্রমিকভাবে সাজাও।

দ. 'সোনার কাঠি', 'ছাতির বদলে হাতি', 'বই কেনা', 'অবাক জলপান' : কোনটি বেমানান?

স্নাতক (মেজর) পরীক্ষা ২০২৪

মেজর বাংলা (NEP)

সেমেস্টার: ৩ কোর্স : SECBNG03

(অনূদিত গ্রন্থপাঠ)

সময়: ৩ ঘণ্টা পূর্ণমান: ৬০

**প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত**

**৭ নং প্রশ্নের মান আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দিতে হবে।**

**একক - ১**

১। 'শিকার' গল্পটি মূল কোন ভাষায় লেখা এবং কার লেখা? গল্পটি বিশ্লেষণ করে এর নামকরণের সার্থকতা বিচার করো।

**১+১+১৩=১৫**

২। প্রেমচন্দ-র 'সদগতি' গল্পে সমাজের বর্ণভেদ প্রথার নামে যে নিষ্ঠুরতার চিত্র ফুটে উঠেছে তা তোমার ভাবনা অনুযায়ী আলোচনা করো। **১৫**

**একক- ২**

৩। রবীন্দ্রনাথ টি. এস. এলিয়টের 'The Journey of the Magi' কবিতাটির বাংলায় অনুবাদ করেছিলেন 'তীর্থযাত্রী' নামে। তাঁর অনুবাদের সাফল্য বিচার করো। প্রসঙ্গত বিষ্ণু দে-র অনুবাদের সঙ্গে এর পার্থক্য কোথায় তা দেখাও। **১০+৫= ১৫**

৪। সুভাষ মুখোপাধ্যায় অনূদিত নাজিম হিকমতের 'রবিবার' কবিতার মূল বক্তব্য আলোচনা করে অনুবাদ কতখানি মূল কবিতাকে গ্রহণ করেছে তা আলোচনা করো। **১৫**

**একক -৩**

৫। 'হয়বদন' নাটকে ঘোড়ামুখোর পূর্ণতার খোঁজ কীভাবে পরিণতি পায় আলোচনা করো। **১৫**

৬। 'এই দুই শরীরের অর্ধাঙ্গিনী আমি— আমার না জয়, না পরাজয়।'—সংলাপটির সূত্রে 'হয়বদন' নাটকের পদ্মিনীর মনোভঙ্গির পরিচয় দাও। **১৫**

**৭। যে-কোনো তিনটি টীকা লেখো:** **৩×৫= ১৫**

ক) ঘাসিরাম পণ্ডিত

খ) 'ফাঁপা মানুষ'

গ) 'ভালোবাসিবার অযোগ্য নহি'

ঘ) 'রোদ্দুরে আমাকে বেরোতে দিয়েছে ওরা'

ঙ) কপিল

চ) দেবদত্ত

**Four Year Undergraduate Programme, Examination, 2024**

**SUBJECT : HINDI**

**COURSE : AECC-3 (MIL Hindi)**

**(हिन्दी भाषा और संप्रेषण)**

**( Questions are of equal value or as indicated in the margin )**

**Time : 2 hours** **Full Marks: 40**

1. निम्नलिखित प्रश्नों में से किन्हीं दो के उत्तर दीजिए : 2x12=24

(क) भाषा क्या है ? भाषा की विविध परिभाषा लिखिए।

(ख) भाषा के विविध रूप की चर्चा कीजिए।

(ग) संधि किसे कहते हैं ? संधि के प्रमुख प्रकारों को परिभाषित करते हुए उदाहरण सहित समझाइए।

2. निम्नलिखित प्रश्नों में से किन्हीं दो के संक्षिप्त उत्तर दीजिए : 2x8=16

(क) बलाघात किसे कहते हैं ? उदाहरण देकर स्पष्ट कीजिए।

(ख) स्वर वर्ण किसे कहते हैं ? इसके कितने प्रकार हैं ? उदाहरण के साथ लिखिए।

(ग) अल्पप्राण और महाप्राण व्यंजन किसे कहते हैं ? उदाहरण देकर स्पष्ट कीजिए।

---------------x-----------

# Undergraduate Examination (NEP) 2024
## Semester-III
## Subject AECC / MIL-2
### AECC BENG02 Course 2

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

**Time : 2 Hours** **Full Marks: 40**

**যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও:** **২×১০ =২০**

১। হাসির গল্প হিসেবে 'কুম্ভীর-বিভ্রাট' ও 'ডমরুধরের হীরকলাভ' গল্প দুটির সার্থকতা বিচার করো।

২। ছকভাঙা বাঙালি ছেলে হিসেবে শঙ্কর চরিত্রটি আলোচনা করো।

৩। পুরাণের গল্পকথাকে ছোটোদের উপযোগী করে তুলেছেন উপেন্দ্রকিশোর। পাঠ্যগল্প অবলম্বনে বিষয়টি ব্যাখ্যা করো।

৪। 'নন্টে ফন্টে' কমিকসের সংলাপের গুরুত্ব বিচার করো।

**৫। যে-কোনো চারটি বিষয়ে টীকা লেখো:** **৪×৫=২০**

ক) ডমরুধর

খ) বুনিপ

গ) ডিয়েগো আলভারেজ

ঘ) উপেন্দ্রকিশোরের ফটোগ্রাফিচর্চা

ঙ) 'সন্দেশ' পত্রিকার সম্পাদক উপেন্দ্রকিশোর

চ) নারায়ণ দেবনাথের কমিক্সে 'বাস্তব'।